

মানবাধিকার হরণের বিরুদ্ধে সোচ্চার বিশিষ্টরা

গুজরাট : ৭১ তম
আন্তর্জাতিক মানবাধিকার
দিবস রাজ্যে রাজ্যে পালিত
হল ১০ ডিসেম্বর। এদিন
আমেদাবাদের সরদারবাগে
'মুভমেন্ট ফর ডেমোক্রেসি'

মানবাধিকার সংক্রান্ত এক সভার আয়োজন করে।
সংগঠনের আহুয়ক সাংবাদিক প্রকাশভাই শাহ,
নির্বাহিবেন সিনহা, সামসদ পাঠান, স্মিতা পাণ্ডা
সহ বিশিষ্টজনেরা দেশে মানবাধিকার লঙ্ঘনের
বিভিন্ন উদাহরণ তুলে ধরে আন্দোলনের আহ্বান
জানান। সভা সঞ্চালনা করেন মীনাঙ্কি যোশী।
উপস্থিত ছিলেন দ্বারিকানাথ রথ।

কলকাতা : ১০ ডিসেম্বর কলকাতার
মৌলানি যুবকেন্দ্রে আন্তর্জাতিক মানবাধিকার
দিবসে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-
এর আহ্বানে 'রাষ্ট্রীয় সন্ত্রাস ও বিপন্ন মানবাধিকার
ও ধর্মনিরপেক্ষতা' বিষয়ক নাগরিক কনভেনশন
অনুষ্ঠিত হয়। কাশ্মীর সহ সারা দেশে যে ভাবে
মানবাধিকার লংঘিত হচ্ছে এবং সাম্প্রতিক

এনআরসি, ক্যাব সহ সমস্ত ক্ষেত্রে মানুষের
গণতান্ত্রিক অধিকার যে ভাবে হরণ করা হচ্ছে, তার
বিরুদ্ধে এই কনভেনশন অনুষ্ঠিত হয়। বক্তব্য
রাখেন কলকাতা ও সিকিম হাইকোর্টের প্রাক্তন
বিচারপতি জাস্টিস মলয় সেনগুপ্ত, বিশিষ্ট
সঙ্গীতশিল্পী প্রতুল মুখোপাধ্যায়, ডায়মন্ডহারবার
মহিলা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা অনিন্দিতা
ঘোষাল, বিশিষ্ট চিত্র পরিচালক স্বাতী চক্রবর্তী,
আসামের এনআরসি-বিরোধী আন্দোলনের প্রথম
সারির নেতা সুরতজমান মণ্ডল (ছবিতে ভাষণরত) প্রমুখ।
গুজরাটের বিশিষ্ট সাংবাদিক প্রকাশ ভাই শাহ, কাশ্মীর
টাইমস পত্রিকার কার্যনির্বাহী সম্পাদক অনুরাধা ভাসিন,
ঝাড়খণ্ডের চিত্র নির্মাতা মেঘনাথ প্রমুখ কনভেনশনের
সাফল্য কামনা করে বার্তা পাঠান। সভাপতি ডাঃ সুভাষ

দাশগুপ্ত ও সাধারণ সম্পাদক অধ্যাপক প্রণব দাশগুপ্ত
মানবাধিকার রক্ষায় ঐক্যবদ্ধ আন্দোলন জোরদার করার
আহ্বান জানান। বিচারপতি মলয় সেনগুপ্তকে সভাপতি ও
অধ্যাপক গৌরাঙ্গ দেবনাথকে সম্পাদক করে কনভেনশন
থেকে ১৮৪ জনের একটি শক্তিশালী কমিটি গঠিত হয়।

বিভেদকামী এনআরসি-সিএএ মানব না এস ইউ সি আই (সি)-র বিক্ষোভ

রায়পুর,
দক্ষিণ
২৪
পরগণা

আন্দোলনের শপথে সোচ্চার শ্রমিক সম্মেলন

শ্রমজীবী মানুষের উপর বহুমুখী
আক্রমণ প্রতিরোধে আন্দোলন
গড়ে তোলার লক্ষ্যে ১৫
ডিসেম্বর এ আই ইউ টি ইউ সি-
র ২২তম পশ্চিমবঙ্গ রাজ্য
সম্মেলন অনুষ্ঠিত হল হুগলির
শ্রীরামপুরের রবীন্দ্রভবনে। পাঁচ
শতাধিক প্রতিনিধির উপস্থিতিতে
বক্তব্য রাখেন প্রধান অতিথি এস
ইউ সি আই (সি)-র রাজ্য
সম্পাদক কমরেড চণ্ডীদাস

ভট্টাচার্য। সম্পাদকীয় প্রতিবেদন পেশ করেন বিদায়ী রাজ্য সম্পাদক কমরেড দিলীপ ভট্টাচার্য। কমরেড এ এল গুপ্তাকে সভাপতি এবং
কমরেড অশোক দাসকে সম্পাদক করে ৫৯ জনের রাজ্য কমিটি নির্বাচিত হয়। সম্মেলন থেকে ৮ জানুয়ারি দেশব্যাপী ধর্মঘট সফল করার
আহ্বান জানানো হয়।

সরকারি অবহেলায় দুর্গত চাষিরা ক্ষতিপূরণে বঞ্চিত

রাজ্যের কৃষিমন্ত্রী ঘোষণা করেছিলেন, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত জমির মালিকরা তাদের নিজের নামে রেকর্ড না থাকলেও বুলবুল ঝড়ের
ক্ষতিপূরণের জন্য আবেদন করতে পারবেন। কিন্তু পূর্ব মেদিনীপুর সহ বিভিন্ন জেলায় উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত জমির মালিকদের এই আবেদনপত্র
গ্রহণ করা হচ্ছে না। এর প্রতিবাদে ১৩ ডিসেম্বর কৃষক সংগ্রাম পরিষদের পক্ষ থেকে কৃষিমন্ত্রীকে চিঠি দেওয়া হয়। পরিষদের সম্পাদক নারায়ণচন্দ্র
নায়ক বলেন, পঞ্চগয়ে-প্রধানদের কাছে ঘুরে ঘুরে, অর্থ খরচ করে সার্টিফিকেট সংগ্রহ করে আবেদন করার পরেও চাষিদের ফর্ম জমা নিচ্ছে না ব্লক
কৃষি দপ্তর। ফলে কৃষক হয়রানি ও বঞ্চনার জন্য মন্ত্রী তাঁর দায় এড়াতে পারেন না। তিনি আরও জানান, কৃষকরা যাতে তাঁদের ফর্ম জমা করতে
পারেন, তার ব্যবস্থা করার জন্য মন্ত্রীকে অনুরোধ করা হয়েছে। দ্রুত ব্যবস্থা না নিলে কৃষক সংগ্রাম পরিষদ বৃহত্তর আন্দোলন গড়ে তুলবে।

দিল্লিতে ছাত্রদের উপর পুলিশি হামলা : বিক্ষোভ ডিএসও-র

১৫ ডিসেম্বর জামিয়া মিলিয়া ইসলামিয়া
বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের শাস্তিপূর্ণ আন্দোলনে
পুলিশের গুলিচালনায় তীব্র ধিক্কার জানায় ডিএসও।
সংগঠনের পশ্চিমবঙ্গ রাজ্য সম্পাদক কমরেড
মণিশঙ্কর পট্টনায়ক ১৬ ডিসেম্বর এক বিবৃতিতে
বলেন, কেন্দ্রের বিজেপি সরকার শিক্ষাসহ
জনজীবনের জ্বলন্ত সমস্যাগুলি থেকে নজর ঘুরিয়ে
দিতে, জনগণের মধ্যে সাম্প্রদায়িক বিভেদকামী
মানসিকতার উস্কানি দিতে এনআরসি ও সিএএ
চালুর পরিকল্পনা করেছে।

এর বিরুদ্ধে আন্দোলনরত ছাত্রছাত্রীদের উপর বর্বর আক্রমণ
এমনকি গুলি চালিয়েছে পুলিশ। সংগঠনের পক্ষ থেকে রাজ্যের সমস্ত
বিশ্ববিদ্যালয়, কলেজ ও গুরুত্বপূর্ণ স্থানে এ দিন প্রতিবাদ কর্মসূচি পালিত

হয়। কলকাতায় কলেজ স্ট্রিটে বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন সংগঠনের
সর্বভারতীয় সম্পাদকমণ্ডলীর সদস্য ডাঃ বিপ্লব চন্দ্র, ডাঃ শুভঙ্কর চ্যাটার্জী,
রাজ্য সভাপতি কমরেড সামসুল আলম ও রাজ্য সম্পাদক কমরেড
মণিশঙ্কর পট্টনায়ক। কলেজ স্ট্রিট মোড়ে দীর্ঘক্ষণ অবরোধ চলে।

কোচবিহার

গুনা, মধ্যপ্রদেশ। বক্তব্য রাখছেন

দলের কেন্দ্রীয় কমিটির সদস্য রাজ্য সম্পাদক কমরেড প্রতাপ সামল